

🗏 আয-যুখরুফ | Az-Zukhruf | ٱلزُّخْرُف

আয়াতঃ ৪৩:৮৭

আরবি মূল আয়াত:

وَ لَئِن سَالتَهُم مَّن خَلَقَهُم لَيَقُولُنَّ اللَّهُ فَانَّى يُؤَفَكُونَ ﴿٨٧﴾

আর তুমি যদি তাদেরকে জিজ্ঞাসা কর, কে তাদেরকে সৃষ্টি করেছে? তারা অবশ্যই বলবে, 'আল্লাহ।' তবু তারা কীভাবে বিমুখ হয়? — আল-বায়ান

তুমি যদি তাদেরকে জিজ্ঞেস কর- তাদেরকে কে সৃষ্টি করেছে, তাহলে তারা অবশ্য অবশ্যই বলবে, আল্লাহ। অত:পর তারা কোথায় ফিরে যাচ্ছে? — তাইসিকল

তুমি যদি তাদেরকে জিজ্ঞেস কর, কে তাদেরকে সৃষ্টি করেছে তাহলে তারা অবশ্যই বলবেঃ আল্লাহ! তবুও তারা কোথায় ফিরে যাচ্ছে? — মুজিবুর রহমান

And if you asked them who created them, they would surely say, "Allah." So how are they deluded? — Sahih International

৮৭. আর যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন, কে তাদেরকে সৃষ্টি করেছে, তারা অবশ্যই বলবে, আল্লাহ। অতঃপর তারা কোথায় ফিরে যাচ্ছে?

তাফসীরে জাকারিয়া

(৮৭) যদি তুমি ওদেরকে জিজ্ঞাসা কর, 'কে ওদেরকে সৃষ্টি করেছে?' ওরা অবশ্যই বলবে, 'আল্লাহ।' তবুও ওরা কোথায় ফিরে যাচ্ছে?

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4412

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন